57

দৈনিক বাংলা

তারিখ 05 MAR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

# স্কুলটি রক্ষা করুন

চাঁদপুর জেলার মতলব থানাধীন মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের আওতাধীন ৪নং সাকুল্যাপুর ইউনিয়নের গাজির গাছখোলা গ্রামে একটি সরকারী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ১৯৮৮–৮৯ইং অর্থ বছরে ফ্যাসিলিটিজ বিভাগ থেকে বিদ্যালয়টির পাকা ভবন নির্মাণ করা হয়। কিন্তু দুঃখের সাথে বলতে হচ্ছে, ১৯৮৯–৯০ ইং অর্থ বছরে স্কুল ভবনটির প্রায় ৮/১০ ফুট পিছনের দিকে প্রবাহিত একটি খাল মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের আওতাধীন কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পের অধীনে পুনঃখনন করায় বর্তমানে খালের দুপাড় ভেঙ্গে যাওয়ার কারণে নবনির্মিত স্কুল ভবনটি ধসে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। স্কুল ভবনটি রক্ষা করার জন্য স্কুলের পিছনে প্রস্তাবিত খালে অতি শীঘ্রই একটি প্রতিরক্ষা দেয়ালসহ জনসাধারণের চলাচলের সুবিধার জন্য একটি ফুট ব্রীজ নির্মাণ করা অত্যাবশ্যক হয়ে পড়েছে। কিন্তু এব্যাপারে মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের স্থানীয় কালীপুর অফিসে এসডিই সাহেবের সাথে এবং পরে চাঁদপুরে সংশ্লিষ্ট অফিসে বহুবার যোগাযোগ করেও কোন ফল হয়নি।

প্রসঙ্গত উল্লেখ্য যে মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের মূল নকশায় গাজির গাছখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পেছনে প্রবাহিত খালটি বন্ধ করে তার উপর দিয়ে একটি ক্যানেল কুমার দোন গ্রাম পর্যন্ত নেয়া হয়েছে। অন্যদিকে উল্লিখিত এলাকার দক্ষিণ ও পশ্চিম দিকের গ্রাম ও বিলের পানি নিষ্কাষণের জন্য রুহিতার পাড় গ্রাম সংলগ্ন পশ্চিম দিকে সরকারী খাস জলাভূমির উপর দিয়ে খাল কেটে পানি নিষ্কাষণের ব্যবস্থা রাখা হয়েছে কিন্তু কিছু স্বার্থান্বেষী মহলের বিশেষ সুবিধার জন্য মূলনকশার পরিবর্তন করে এলাকাবাসীকে ধোঁকা দেয়ার চেষ্টা চলছে।

বর্তমানে খালের ভাঙ্গন এতই ব্যাপক আকার ধারণ করেছে যে এর ফলে বিপুল সংখ্যক লোকের যাতায়াতে মারাত্মক অসুবিধার সৃষ্টি হয়েছে। গ্রামবাসীদের দেয়া বাঁশের নড়বড়ে সাঁকোতে প্রয়োজন মিটছে না। বিশেষ করে স্কুলগামী ছোট ছোট ছাত্রছাত্রীসহ বৃদ্ধ, দুর্বল ও মহিলাদের সে সাঁকো পাড় হতে মারাত্মক বিপদের সম্মুখীন হতে হচ্ছে। এ ব্যাপারে স্থানীয় ইউপি চেয়ারম্যানের–এর সাথে বহুবার যোগাযোগ করেও কোন সুফল পাওয়া যায়নি।

এব্যাপারে পানি উন্নয়ন বোর্ডসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং নবনির্মিত প্রাথমিক বিদ্যালয়টি রক্ষা জনগণের সুষ্ঠু যাতায়াতের জন্য জরুরী ভিত্তিতে উক্ত খালে প্রতিরক্ষা দেয়ালসহ একটি ফুটব্রীজ নির্মাণ এবং মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের মূল নকশার বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এলাকাবাসীর পক্ষ থেকে বিনীত আবেদন জানাচ্ছি।

(রোকন উজ জামান পাঠান)
পাঠানবাজার, মতলব, চাঁদপুর।